



কার্যালয়

জোনাল কমান্ডার ঢাকা জোন

বাংলাদেশ কোস্ট গার্ড

আগারগাঁও প্রশাসনিক এলাকা

শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

www.coastguard.gov.bd

বিজ্ঞপ্তি

৪৪.০৮.২৬৮০.১০০.৬০.০৬০.২৬.৫৮ তারিখ ৩১ মার্চ ২০২৬।

২০২৬-২০২৭ অর্থবছরে বাংলাদেশ কোস্ট গার্ড ঢাকা জোনের সরবরাহকারী ও ঠিকাদার তালিকাভুক্তি এবং নবায়ন প্রসঙ্গে

১। বাংলাদেশ কোস্ট গার্ড ঢাকা জোনে ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত শ্রেণীর আগ্রহী সরবরাহকারী ও ঠিকাদারদেরকে তালিকাভুক্তি/নবায়নের জন্য আহ্বান করা যাচ্ছে।

শ্রেণি 'ক'। সকল প্রকার পণ্য সামগ্রী (Goods) সরবরাহকারী প্রতিষ্ঠান/ কার্য সম্পন্নকারী/ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান। ঔষধ সরবরাহকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে The Bengal Drug Rules 1946. Form 9 থাকা বাধ্যতামূলক।

শ্রেণি 'খ'। অফিস সরঞ্জাম ও অন্যান্য যন্ত্রপাতি মেরামতকারী প্রতিষ্ঠান (কম্পিউটার, প্রিন্টার, পিপিএস মেশিন, টিভি, ফ্রিজ, এসি, ফোন, ফ্যাক্স, মাল্টিমিডিয়া, ক্যামেরা ও ভিডিও ক্যামেরা, ইউপিএস, আইপিএস, নোট কাউন্টিং, সাইক্লোস্টাইল মেশিন ইত্যাদি)।

শ্রেণি 'গ'। মোটর গাড়ীর গ্যারেজ ও ওয়ার্কশপ/ জলযান মেরামতকারী প্রতিষ্ঠান।

২। 'ক' শ্রেণীভুক্ত সকল সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহকে মূসক ২.৩ ফরমে Procurement Provider হিসেবে এবং খ ও গ শ্রেণীভুক্ত সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহকে সংশ্লিষ্ট বিষয়ে মূসক ২.৩ ফরমে নিবন্ধিত হতে হবে।

৩। দরপত্রে অংশগ্রহণের জন্য এক শ্রেণিতে নিবন্ধিত হয়ে অন্য শ্রেণির দরপত্রে অংশগ্রহণ করা যাবে না। প্রত্যেক শ্রেণির জন্য আলাদা আলাদাভাবে ফি প্রদানপূর্বক তালিকাভুক্ত হতে হবে এবং সংশ্লিষ্ট মূসক ফরমে নিবন্ধিত হতে হবে।

৪। তালিকাভুক্তি ও নবায়ন ফি (উল্লেখ্য, সরবরাহকারী/ ঠিকাদার প্রতিষ্ঠানসমূহের চলতি ব্যাংক হিসাবে তালিকাভুক্তি/ নবায়নের জন্য নির্ধারিত ফি বাবদ অর্থের স্থিতি নিশ্চিত করতঃ পে-অর্ডার করার জন্য অনুরোধ করা হলো)।

ক। শ্রেণিভিত্তিক তালিকাভুক্তি ফি ৫,০০০/০০ (টাকা পাঁচ হাজার মাত্র), অফেরৎযোগ্য।

খ। শ্রেণিভিত্তিক নবায়ন ফি ২,০০০/০০ (টাকা দুই হাজার মাত্র), অফেরৎযোগ্য।

গ। শ্রেণিভিত্তিক তালিকাভুক্তি ফি ৩,০০০/০০ (টাকা তিন হাজার মাত্র), অফেরৎযোগ্য (একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী কেবল নারী হলে প্রযোজ্য)।

ঘ। শ্রেণিভিত্তিক নবায়ন ফি ১,৫০০/০০ (টাকা এক হাজার পাঁচশত মাত্র), অফেরৎযোগ্য (একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী কেবল নারী হলে প্রযোজ্য)।

৫। আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে জোনাল কমান্ডার ঢাকা জোন বরাবর স্ব-স্ব প্রতিষ্ঠানের প্যাডে আবেদন করতে হবে। এছাড়াও আবেদনপত্রে প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর স্থায়ী ও বর্তমান ঠিকানা, টেলিফোন/ রেজিস্টার্ড মোবাইল নাম্বার ও ই-মেইল আইডি ইত্যাদি থাকতে হবে। আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় পে-অর্ডার (আয়ন ও ব্যয়ন কর্মকর্তা সাপোর্ট ইউনিট কোস্ট গার্ড সদর দপ্তর) বরাবর সংযুক্ত করতে হবে।

৬। নতুনভাবে তালিকাভুক্ত সরবরাহকারী প্রতিষ্ঠান পরবর্তী অর্থবছরে তালিকাভুক্তি নবায়ন না করলে পরবর্তীতে আবার নতুনভাবে তালিকাভুক্তির জন্য আবেদন করতে হবে।

৭। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র ৯ম খেড ও তদুর্ধ্ব গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবেঃ

- ক। ট্রেড লাইসেন্সের হালনাগাদ ফটোকপি।
- খ। আয়কর সনদের হালনাগাদ ফটোকপি।
- গ। ভ্যাট নিবন্ধন সনদের ফটোকপি।
- ঘ। ব্যাংক সক্ষমতার হালনাগাদ সনদপত্র (বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত যে কোন তফসিলি ব্যাংক হতে) এবং গত ছয় মাসের ব্যাংক লেনদেন স্টেটমেন্ট।
- ঙ। সরবরাহকারী হিসেবে অন্য কোন সরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থায় তালিকাভুক্ত হয়ে থাকলে তার বিবরণ।
- চ। প্রতিষ্ঠানের মালিক/ প্রতিনিধির সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি।
- ছ। পে অর্ডার (মূল কপি)।
- জ। ড্রাগ লাইসেন্স এর ফটোকপি (ঔষধ সরবরাহকারীর ক্ষেত্রে)।
- ঝ। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
- ঞ। প্রাধিকার প্রাপ্ত (Authorised) প্রতিনিধির নমুনা (Specimen) স্বাক্ষর ০৩ (তিন) টি।
- ট। সরবরাহকারী প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য ক্ষেত্রে আই.আর.সি (I.R.C) সনদ থাকা বাধ্যতামূলক (না থাকলে প্রত্যয়ন পত্র দিতে হবে)।
- ঠ। ইতঃপূর্বে কোন সরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থায় মালামাল সরবরাহে ব্যর্থ বা কোন কারণে কোনো তালিকাভুক্ত হলি মর্মে প্রত্যয়ন পত্র।
- ড। আবেদনকারীর স্থায়ী ঠিকানা ও ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক প্রত্যয়নপত্রসহ ক্রয়কারীর সাথে চুক্তি সম্পাদনের বিষয়ে কোন আদালত কর্তৃক সংশ্লিষ্ট ব্যক্তি বা তার কোন কর্মচারীর উপর বিধি নিষেধ আরোপ করা হয়নি মর্মে আইনগত সক্ষমতা সমর্থনে হলফনামা (৩০০/০০ টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্প নোটারি পাবলিক কর্তৃক)।

৮। বর্তমানে তালিকাভুক্ত সরবরাহকারী/ ঠিকাদার প্রতিষ্ঠানসমূহ নবায়ন এবং নতুনভাবে তালিকাভুক্তির জন্য আবেদন আগামী ১০ মে ২০২৬ তারিখের মধ্যে দাখিল করতে হবে। ১০ মে ২০২৬ তারিখের মধ্যে নতুনভাবে তালিকাভুক্তির জন্য আবেদন দাখিল করতে না পারলে পরবর্তীতে যে কোন সময় আবেদন করা যাবে কিন্তু তা বিধি মোতাবেক ত্রৈমাসিক ভিত্তিতে একবার কমিটি কর্তৃক মূল্যায়ন করে তালিকাভুক্ত করা হবে।

৯। জোনাল কমান্ডার ঢাকা জোন কোন কারণ দর্শানো ব্যতীত আবেদনপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।



মুহাম্মদ কাইয়ুমুল দিদার
লেঃ কমান্ডার বিএন
স্টাফ অফিসার (লজিস্টিক্স)
কোস্ট গার্ড ঢাকা জোন